গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জুলাই, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জিয়াউল হক<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৩.০৭.২০২৫ খ্রি. |
| সভার সময় | দুপুর ০২:৩০ ঘটিকা |
| স্থান | ৪র্থ তলার সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জুলাই, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা সংশোধনী প্রস্তাব আছে কিনা তা জানতে চান। কোন মতামত বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিতে গত ১৭-০৬-২০২৫ তারিখে অনুষ্ঠিত জুন, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মো: আলী আকবর, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), জিওলজিক্যাল এক্সপ্লোরেশন এন্ড এপ্লিকেশন বিভাগ এবং জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), জিওলজিক্যাল ম্যাপিং এন্ড জিওল্যাবরেটরিজ বিভাগ কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ১৭-০৬-২০২৫ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| **ভূবিজ্ঞান সংক্রান্ত আলোচনা** | | | |
| **পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা** | | | |
| ৩.১ | শাখা প্রধান মিজ সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "যশোর জেলার ভবদহ অঞ্চল ও এর আশেপাশের পরিবেশ ভূতত্ত্ব বিশ্লেষণ" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচি থেকে সংগৃহীত ৩৯টি পানি ও ৩৮টি পলল নমুনা বিশ্লেষণের জন্য ICPMS-এ প্রেরণ করা হয়েছে। প্রতিবেদন প্রস্তুতের জন্য ভূমিকা, লিটারেচার রিভিউ ও অন্যান্য আনুষঙ্গিক কাজ সম্পন্ন হয়েছে। চূড়ান্ত প্রতিবেদন আগামী জুন, ২০২৬ খ্রি. এর মধ্যে জমা দেওয়া হবে। এছাড়া আরও ০২ (দুই)টি প্রতিবেদন পেন্ডিং রয়েছে যা প্রণয়নপূর্বক ০১ (এক)টি আগস্ট, ২০২৫ খ্রি. এবং অপরটি মার্চ, ২০২৬ খ্রি. মধ্যে জমা প্রদান করা হবে। | জুন, ২০২৬ খ্রি. মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদন জমা প্রদান করতে হবে। এছাড়া পেন্ডিং ০২ (দুই)টি প্রতিবেদন প্রণয়নপূর্বক যথাক্রমে আগস্ট, ২০২৫ খ্রি. এবং মার্চ, ২০২৬ খ্রি. মধ্যে জমা প্রদান করতে হবে। | পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা। |
| **অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা** | | | |
| ৩.২ | শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, স্বশরীরে কূপ খনন স্থান পরিদর্শনপূর্বক দ্রুত টেন্ডার প্রক্রিয়া শুরু করা প্রয়োজন। | আগামী অক্টোবর, ২০২৫ খ্রি. মাসে কূপ খনন স্থান পরিদর্শনপূর্বক নভেম্বর, ২০২৫ খ্রি. থেকে খনন কার্যক্রম শুরু করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৩ | শাখা প্রধান জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৩-২০২৪ অর্থবছরে কুমিল্লা শহর ও আশেপাশের এলাকায় পরিচালিত বহিরঙ্গন কাজের প্রতিবেদন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আগামী সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন জমা প্রদান করা হবে। | সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা। |

| | | | |
|---|---|---|---|
| **অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা** | | | |
| ৩.৪ | শাখা প্রধান জনাব খন্দকার আবুল হাসান মোহাম্মদ সাইফুর রহমান, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, "নওগাঁ জেলার অন্তর্গত পোরশা-সাপাহার ও তদসংলগ্ন এলাকায় আঞ্চলিক অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ" শীর্ষক বহিরগঙ্গান কর্মসূচির প্রতিবেদন প্রণয়নের কাজে নতুন একটি মডেলিং অন্তর্ভূক্ত করা হয়েছে। মডেলিং কাজ শেষে প্রতিবেদন প্রণয়নপূর্বক আগামী সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মাসের মধ্যে জমা প্রদান করা হবে। | সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা |
| **ভূ-পদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা** | | | |
| ৩.৫ | শাখা প্রধান ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, নবীন সহকারী পরিচালক (ভূ-পদার্থ)সহ অন্যান্য কর্মকর্তাদের জিও সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত একটি প্রস্তাবনা চলতি অর্থবছরের শুরুতেই প্রশিক্ষণ শাখায় প্রেরণ করা হয়েছে। | নবীন সহকারী পরিচালক (ভূ-পদার্থ)সহ অন্যান্য কর্মকর্তাদের জিও সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ভূ-পদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা ও সংশ্লিষ্ট শাখা |
| **ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা** | | | |
| ৩.৬ | শাখা প্রধান জনাব মোঃ শাহজাহান, উপপরিচালক (ভূ-পদার্থ) বলেন, "দিনাজপুর ও জয়পুরহাট জেলাধীন হাকিমপুর ও পাঁচবিবি উপজেলার হিলি-বাগজানা-করিয়া-কুতুবপুর এলাকার প্রতিসরণ ভূকম্পন জরিপ" শীর্ষক বহিরগঞ্জান কর্মসূচি সম্পন্ন করার জন্য শাখা প্রধানের নেতৃত্বে একটি দল বহিরগঞ্জানে গমন করে কার্যক্রম শুরু করে। কিন্তু সিসমোগ্রাফ যন্ত্রটি অকার্যকর হলে দলটি কাজ সম্পন্ন না করেই সদর দপ্তরে প্রত্যাবর্তন করে। তিনি আরো জানান, যন্ত্রপাতি রক্ষনাবেক্ষণ শাখায় সিসমোগ্রাফ যন্ত্রটির মেরামত শেষের দিকে। যন্ত্রটির মেরামত সম্পন্ন হলে আগামী ডিসেম্বর, ২০২৫ খ্রি. মাসের শুরুতে অসম্পূর্ণ বহিরগঞ্জান কর্মসূচি সম্পন্ন করা হবে। | ডিসেম্বর, ২০২৫ খ্রি. মাসের শুরুতে অসম্পূর্ণ বহিরগঞ্জান কর্মসূচি সম্পন্ন করতে হবে। | ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা |
| **স্তরতত্ত্ব ও জীবস্তরতত্ত্ব শাখা** | | | |
| ৩.৭ | শাখা প্রধান জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, "চট্টগ্রাম শহরের উপকূলীয় অংশে এবং এর আশেপাশে সামুদ্রিক দূষণ নির্দেশক হিসেবে বেন্থিক ফোরামিনিফেরার বৈশিষ্ট্য বিশ্লেষণকরণ" শীর্ষক বহিরঞ্জান কর্মসূচি হতে সংগৃহীত পলল নমুনার গবেষণাগারে বিশ্লেষণের কাজ চলমান রয়েছে। গত ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরের ০২ (দুই)টি প্রতিবেদন এখনো জমা প্রদান করা হয়নি। এ বিষয়ে মিজ আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, গবেষণাগারে অণুবীক্ষণ যন্ত্রের স্বল্পতার জন্য প্রতিবেদন প্রণয়নে বিলম্ব হলেও বর্তমানে প্রতিবেদন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। চলতি বছরের মধ্যেই প্রতিবেদন ০২ (দুই)টি জমা দেয়া হবে। | চলতি বছরের মধ্যেই প্রতিবেদন ০২ (দুই)টি জমা প্রদান করতে হবে। | স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা |
| **ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা** | | | |
| ৩.৮ | মিজ নুরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান বলেন, "ঢাকা জেলার দোহার উপজেলার হাইড্রোজিওলজিক্যাল অনুসন্ধানের মাধ্যমে পানির আধারের অবস্থান, গুণগতমান ও পরিবেশ মূল্যায়নকরণ এবং ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুতকরণ" শীর্ষক বহিরঞ্জান কর্মসূচির প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। ডিসেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন জমা প্রদান করা হবে। এছাড়া, ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতিবেদন জমা দেয়ার কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আগামী আগস্ট, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন জমা প্রদান করা হবে। | (ক) ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতিবেদন আগস্ট, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করতে হবে।<br>( খ) ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদন ডিসেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করতে হবে। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা |
| **উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৯ | শাখা প্রধান জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, "খুলনা জেলার অন্তর্গত দাকোপ উপজেলার ভূমিরূপের বৈশিষ্ট্যসমূহ এবং আনুষঙ্গিক উপকূলবর্তী দূর্যোগসমূহ নির্ধারনের লক্ষ্যে উপকূলীয় ভূতাত্ত্বিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঞ্জান কর্মসূচির প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। আগস্ট, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন জমা প্রদান করা হবে। | প্রতিবেদন প্রস্তুত করে আগস্ট, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করতে হবে। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা |
| **শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১০ | শাখা প্রধান জনাব মোহাম্মদ নুরুল হক, উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, "সিলেট জেলার গোয়াইনঘাট এবং জৈন্তাপুর উপজেলার সীমান্তবর্তী নদীসমূহ দ্বারা জমাকৃত পললের মণিকতাত্ত্বিক বিশ্লেষণ এবং কাঁচ বালির সম্ভাব্যতা নিরুপণ" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির চূড়ান্ত প্রতিবেদন জমা হয়েছে যা রিভিউয়ের কাজ চলছে। রিভিউ শেষে প্রতিবেদন জমা দেয়া হবে। এছাড়া গত অর্থবছরের প্রতিবেদন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে। আগামী সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন প্রস্তুত করে জমা প্রদান করা হবে। | (ক) রিভিউ শেষে প্রতিবেদন জমা প্রদান করতে হবে।<br><br>(খ) আগামী সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা |
| **ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারি ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.১১ | শাখা প্রধান ড. মোঃ আহসান হাবিব, উপপরিচালক (ভূতত্ত্ব), "সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার ভূতাত্ত্বিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গন কার্যক্রমের বিষয়ে বলেন, একটি প্রতিবেদন রিভিউ পর্যায়ে এবং অন্য একটি প্রতিবেদনের খসড়া তৈরীর কাজ চলমান রয়েছে। আগামী আগস্ট, ২০২৫ খ্রি. এর মধ্যে প্রতিবেদন ০২ (দুই)টি জমা প্রদান করা হবে। | আগস্ট, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন ০২ (দুই)টি জমা প্রদান করতে হবে। | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা |
| **দূর অনুধাবন ও জিআইএস শাখা** | | | |
| ৩.১২ | শাখা প্রধান জনাব আবু সাঈদ মোহাম্মদ ফয়সাল, উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, দূর অনুধাবন ও জিআইএস শাখার একটি দল "গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার স্পেশিও-টেম্পোরাল ডাইনামিকস নির্ধারণসহ ভূতাত্ত্বিক ও ভূ-প্রাকৃতিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদন প্রণয়নপূর্বক আগস্ট, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করা হবে। | আগামী আগস্ট, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | দূর অনুধাবন ও জিআইএস শাখা |
| **বৈশ্লেষিক রসায়ন শাখা** | | | |
| ৩.১৩ | শাখা প্রধান জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) বলেন, "নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ, সোনারগাঁও, বন্দর ও সদর উপজেলার শীতলক্ষ্যা নদী ও এর তীরবর্তী এলাকার মাটি ও পানিতে শিল্পায়নের রাসায়নিক প্রভাব অনুসন্ধান" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির চূড়ান্ত প্রতিবেদন জমা প্রদান করা হয়েছে। | - | বৈশ্লেষিক রসায়ন শাখা |
| **খনন শাখা** | | | |
| ৩.১৪ | শাখা প্রধান জনাব মোঃ মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) বলেন, কূপ খননের জন্য নির্ধারিত স্থানটি নিচু হওয়ায় সেখানে বর্ষকালে জলাবদ্ধতা সৃষ্টি হয়। টেন্ডার প্রক্রিয়া শুরু করে আগামী নভেম্বর, ২০২৫ খ্রি. মাস থেকে খনন কার্যক্রম শুরু করা যেতে পারে। | আগামী অক্টোবর, ২০২৫ খ্রি. মাসে কূপ খনন স্থান পরিদর্শনপূর্বক নভেম্বর, ২০২৫ খ্রি. থেকে খনন কার্যক্রম শুরু করতে হবে। | খনন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **প্রশাসনিক আলোচনা** | | | |
| ৪ | মিজ নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় শাখা বলেন, সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (৯ম গ্রেড) এর ০১ (এক)টি পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশ সরকারী কর্মকমিশন হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে সুপারিশ প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রোগ্রামার (৬ষ্ঠ গ্রেড) নিয়োগের মৌখিক পরীক্ষা বাংলাদেশ সরকারী কর্মকমিশন কর্তৃক সম্পন্ন হয়েছে। চলতি অর্থবছরে জিএসবিতে নতন গাড়ী ক্রয় সংক্রান্ত বিষয়ে তিনি বলেন, এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা প্রয়োজন। ০৩ (তিন)টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ১৪.০৭.২০২৫ তারিখে একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে, আগামী ২৯.০৭.২০২৫ তারিখে একটি ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠিত হবে।<br><br>বিভিন্ন শাখা প্রধানগণ অফিস কক্ষে উইপোকার উপদ্রুবের কথা জানালে মহাপরিচালক মহোদয় অগ্রাধিকার ভিত্তিতে উইপোকা দমনে অফিসে পেস্ট কন্ট্রোলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ক) কর্মকর্তা নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেতে হবে।<br><br>( খ) চলতি অর্থবছরে নতুন গাড়ী ক্রয়ের বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br><br>(গ) অডিট আপত্তি গুলো অতি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>( ঘ) উইপোকা দমনে অফিসে পেস্ট কন্ট্রোলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| **প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৫ | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, BIM কর্তৃক আয়োজিত Enhancing Digital Government & Economy (EDGE) প্রকল্পের আওতায় Digital Skill বিষয়ে তিনটি ব্যাচের প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে BIM কর্তৃপক্ষ প্রশিক্ষণ প্রদানের কাজ সাময়িকভাবে স্থগিত রেখেছে। তিনি আরো জানান, ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতের কাজ সম্পন্ন হয়েছে। মহাপরিচালক মহোদয় এবং শাখা প্রধানদের সাথে আলোচনাপূর্বক প্রশিক্ষণ ক্যালেন্ডার চূড়ান্ত করা হবে। মহাপরিচালক মহোদয় নবীন কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণের পরিবর্তে প্রয়োজনীয় প্রশাসনিক ও কারিগরি বিষয়ে ৬০ (ষাট) ঘন্টা ব্যাপী ইনহাউজ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতপূর্বক কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |
| | **প্রকল্প সংক্রান্ত আলোচনা** | | |
| ৬.১ | মিজ আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক (GICU প্রকল্প) বলেন, মাইক্রোট্রেমর এর উপর প্যাসিভ সাইসমিক ট্রেনিং ফলোআপ হিসেবে ০২ (দুই) জন জার্মান প্রশিক্ষক বর্তমানে বাংলাদেশে অবস্থান করছেন। ভূপদার্থিক শাখাগুলো হতে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের প্রস্তাব দেওয়া হলে প্রকল্প পরিচালক বলেন, যেহেতু প্রশিক্ষণ কাজ অনেকটা এগিয়ে গিয়েছে সেহেতু নতুন প্রশিক্ষণার্থী যোগ হলে প্রশিক্ষণ কাজ চালিয়ে নেয়া দুরূহ হয়ে পড়বে। তিনি বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের প্রকল্পের যন্ত্রপাতি ক্রয় সম্পন্ন হয়েছে। জিএসবি কর্তৃক কক্ষ বরাদ্দ সাপেক্ষে ক্রয়কৃত নতুন যন্ত্রপাতি স্থাপন করা হবে। আগামী মার্চ, ২০২৬ খ্রি. মধ্যে রংপুরে তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন করে জুন, ২০২৬ খ্রি. মধ্যে প্রতিবেদন প্রণয়নের কাজ সম্পন্ন করা হবে। বিজিআর আগামী সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে তাদের কাজ সম্পন্ন করে বাংলাদেশ ত্যাগ করবে। জিএসবির জাতীয় সেমিনার, ২০২৫ এর অর্থায়নসহ এটলাস প্রকাশনার অর্থ GICU প্রকল্প থেকে প্রদান করা হয়েছে। | পরিকল্পনা অনুযায়ী GICU প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | GICU প্রকল্পের টীম |

| | | | |
|---|---|---|---|
| ৬.২ | জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, “Enhancement and Strengthening of Drilling Capability of Geological Survey of Bangladesh” শীর্ষক প্রকল্পের পিডি নিয়োগের মৌখিক পরীক্ষা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পিডি নিয়োগ সম্পন্ন হলে খনন প্রকল্পের কার্যক্রম শুরু হবে। এছাড়া সবুজ পাতায় অন্তর্ভুক্ত ০৮ (আট)টি প্রকল্পের মধ্যে ০৪ (চার)টি প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির প্রয়োজন হবে। ফিজিবিলিটি স্টাডির জন্য কুড়িগ্রামে বালু গবেষণা কেন্দ্র স্থাপন ও প্রক্রিয়াকরণ সম্পর্কিত প্রকল্পটির নকশা প্রণয়নের নিমিত্ত স্থাপত্য অধিদপ্তরের চাহিত তথ্যাদি প্রেরণ করা হয়েছে। স্থাপত্য অধিদপ্তর উক্ত কাজটি সম্পন্ন করতে দুই মাস সময় চেয়েছেন। ঢাকা জেলার ভুগর্ভস্থ জলাধার অনুসন্ধান শীর্ষক প্রকল্পটি যাচাই-বাছাইয়ের নিমিত্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে রয়েছে। ভূমিকম্প গবেষণা সম্পর্কিত প্রস্তাবিত প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির জন্য সরকারি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। খনিজ সম্পদের তড়িৎ ভূতাত্ত্বিক অনুসন্ধান শীর্ষক প্রকল্পের টিপিপি ইতিমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। জিএসবির সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ এবং মিরপুরে আধুনিক গবেষনাগার স্থাপন প্রকল্প দুটিকে একীভূত করে একটি প্রকল্প প্রস্তাব প্রণয়নের কাজ চলমান রয়েছে। ০৫ (পাঁচ)টি নদীর (ব্রহ্মপুত্র, যমুনা, তিস্তা, দুধকুমার ও ধরলা) খনিজ সম্পদ অনুসন্ধান শীর্ষক প্রকল্পটির যাচাই-বাছাই কমিটির সভার নির্দেশনা মোতাবেক টিপিপি পুর্নগঠনের কাজ চলমান রয়েছে। নেট জিরো পরিচ্ছন্ন জ্বালানি শীর্ষক প্রকল্পটির যাচাই-বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ভূপদার্থিক জরিপের মাধ্যমে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের খনিজ সম্পদ চিহ্নিতকরণ শীর্ষক প্রকল্প সম্পর্কিত একটি সভা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। অতি দ্রুত উক্ত প্রকল্পের টিপিপি জমা দেয়া হবে। এছাড়াও “জলবায়ু পরিবর্তনের কারনে বাংলাদেশের দক্ষিন-পূর্বাঞ্চলে ভূমিধ্বস, ভূমি অবনমন, ভুতাত্ত্বিক অনুসন্ধান ও প্রশমন” শীর্ষক একটি নতুন প্রকল্প প্রস্তাবনা নিয়ে জিএসবির যাচাই-বাছাই কমিটিতে আলোচনাপূর্বক কিছু পর্যবেক্ষণ দেয়া হয়েছে। সবুজ পাতার বাইরে ভূতাত্ত্বিক, ভূ-রসায়ন এবং নগর ও প্রকৌশল ভূতত্ত্ব এই তিনটি শাখার জিওলজিক্যাল ম্যাপিং এর সমন্বয়ে বাংলাদেশ-কে কয়েকটি ভাগে ভাগ করে সিলেট বিভাগের সকল উপজেলায় মানচিত্রায়নের টিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে। | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিগুলোকে টিপিপি/ডিপিপি প্রণয়ন করে অতিদ্রুত সময়ের মধ্যে জমা দিতে হবে। ফিজিবিলিটি স্টাডির জন্য TOR প্রস্তুত করে সংশ্লিষ্ট অফিসে যোগাযোগ করে ফিজিবিলিটি সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট শাখাসমূহ। জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিসমূহ এবং সংশ্লিষ্ট সকল শাখা। |
| **বিবিধ আলোচনা** | | | |
| ৭ | জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন জাফলং এলাকায় অবস্থিত ভূতাত্ত্বিক ঐতিহ্য সংরক্ষণের পূর্ত কাজ বুঝে নেওয়ার লক্ষ্যে আগামী ২৬.০৭.২০২৫ তারিখে সংশ্লিষ্ট কমিটি সিলেট গমন করবেনে। পূর্ত কাজ বুঝে নেয়ার পর পরিচালক মহোদয়গণ মহাপরিচালক মহোদয়কে সাথে নিয়ে সিলেটের ভূতাত্ত্বিক ঐতিহ্য পরিদর্শনের ইচ্ছা প্রকাশ করলে মহাপরিচালক মহোদয় পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ( ক) অসমাপ্ত পূর্ত কাজ দ্রুততম সময়ে বুঝে নিতে হবে।<br>(খ) সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন জাফলং এলাকায় অবস্থিত ভূতাত্ত্বিক ঐতিহ্য পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-ক

১০-০৮-২০২৫
মোঃ জিয়াউল হক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.২১১.০৬.০০০৪.১৮.২৮

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-১), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
২। উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-২), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৩। প্রকল্প পরিচালক (GICU), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। জিএসবির শাখা প্রধানগণ।
৫। প্রকল্প পরিচালক (ESDC-GSB), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৬। উপ-পরিচালক (ড্রিলিং)-১, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

SBegum

১০-০৮-২০২৫
নাসিমা বেগম
পরিচালক (ভূতত্ত্ব)